দৈনিক খবর

তারিখ 12 NOV 1988
পৃষ্ঠা... ৬ ... কলাম ... ৪

# 'প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার উদ্যোগ নেয়া হচ্ছে'

খুলনা, ১০ই নভেম্বর (তথ্য বিবরণী)।– শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী বলেছেন, শিক্ষাকে সম্প্রসারিত ও সার্বজনীন করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে আগামী সংসদ অধিবেশনে প্রয়োজনীয় আইন পাস করার উদ্যোগ নেয়া হবে।

তিনি আজ খুলনা মহানগরীর খুলনা শিশু বিদ্যালয় প্রাঙ্গণে পথকলি ট্রাস্টের তহবিলে বিদ্যালয়ের ৪৫০ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে আর্থিক দান গ্রহণ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথাবলেন।

তিনি বলেন যে, শিক্ষা মানুষের জন্মগত ও গণতান্ত্রিক অধিকার। অথচ বাংলাদেশের প্রায় ৯২ ভাগ কৃষক-শ্রমিকের হতভাগ্য শিশুরা শিক্ষাসহ জীবনের ন্যূনতম অধিকার থেকে বঞ্চিত। এই সকল অবহেলিত শিশু-কিশোরদের সার্বিক কল্যাণের লক্ষ্যে রাষ্ট্রপতি এরশাদ পথকলি ট্রাস্ট গঠন করেছেন।

এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশ শিক্ষা সমিতি ফেডারেশনের সহ-সভাপতি কাজী ফারুক আহমেদও বক্তৃতাকরেন।

এরপর শিক্ষা প্রতিমন্ত্রী খুলনা মহানগরীর হাজী মুহম্মদ মহসিন কলেজের ২০ বছর পূর্তি অনুষ্ঠানেও যোগদানকরেন।